দৈনিক বাংলা

025

তারিখ 0 6 APR 1988

পৃষ্ঠা 1 কলাম 2

# এসএসসি পাস করে শতকরা ৫৪ জনই পড়া ছেড়ে দেয়

।। সংবাদদাতা ।।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ৫ই এপ্রিল।—দেশের শতকরা ৫৪ ভাগ ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় পাস করার পর পড়াশুনা ছেড়ে দেন। এদের মধ্যে শতকরা ৫৫ দশমিক ৫৬ ভাগই অর্থনৈতিক কারণে পড়াশুনা করতে পারেন না।

"বাংলাদেশে মাধ্যমিক পাস করা

(শেষ পৃঃ ৩—এর ২ঃ কঃ)

## এসএসসি পাস

(প্রথম পৃঃ পর)

ছাত্রছাত্রীদের পরবর্তী অবস্থান এবং উচ্চ শিক্ষার উপর প্রভাব বিস্তারকারী বিভিন্ন উপাদান নির্ণয়"— শীর্ষক চারটি সমীক্ষা থেকে এ তথ্য জানা গেছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান বিভাগের ছাত্র—গিয়াস উদ্দিন খান, সিরাজুল ইসলাম, শাহজাহান মিয়া এবং সাহাব উদ্দিন আহমেদ পরিচালিত সমীক্ষা[illegible] তত্ত্বাবধান করেন ডক্টর কাজী সালেহ আহমেদ এবং শ্রী স্বপন কুমার ধর।

সমীক্ষায় প্রকাশ, মাধ্যমিক পর্যন্ত পড়াশুনা করেই শিক্ষাজীবন শেষকারী ছাত্রছাত্রীদের শতকরা ৩১ দশমিক ৩৭ ভাগই সম্পূর্ণ বেকার হয়ে পড়েন। এদের শতকরা ১৫ দশমিক ৬৮ ভাগ বিভিন্ন ধরনের চাকরিতে যোগ দেন, শতকরা ৫৫ দশমিক ৫৫ ভাগ ব্যবসা করেন এবং শতকরা ১৫ দশমিক ৬৭ ভাগ চাকরি নিয়ে মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে গমন করেন।

সমীক্ষায় দেখা গেছে, মাধ্যমিক পরীক্ষায় পাস করার পর যারা দেশে চাকরি করেন তাদের ১১ দশমিক ১১ ভাগের মাসিক গড় আয় এক হাজার টাকা, যারা ব্যবসা করেন তাদের গড় আয় দুই হজার ৩শ' টাকা এবং যারা বিদেশে চাকরি করেন তাদের গড় আয় ছয় হাজার টাকা।